আগের সেটটি অনলাইনে দেওয়ার পরে এগুলি পরিবর্তন করা হয়েছে। সব জুড়ে ছোটখাট পরিবর্তন আছে – যা প্যানেলের সাথে সম্পর্কিত।

অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের সম্পর্কে হালনাগাদ করা বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রশ্ন	**উত্তর**
অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা কি জন্য রয়েছেন?	মুখ্য করোনারের তদন্তের প্রাথমিক পর্যায়ে অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা শহীদদের পরিবারগুলিকে আইনি পরামর্শ, সহায়তা, এবং প্রতিনিধিত্ব প্রদান করতে পারেন।
এই উকিলদের কিভাবে অর্থায়ন করা হয়েছে?	যশুয়া, হ্যানি, অ্যানি, নাইজেল এবং ক্যাথরিনকে সরাসরি ন্যায় মন্ত্রক থেকে অর্থায়ন করা হয়েছে। এই অর্থায়ন আইনি সহায়তা থেকে পৃথক, যা লিগাল সার্ভিসেস অ্যাক্ট 2011-এর অধীনে প্রদান করা হয়। আইনি সহায়তার অর্থায়ন কেবল তখনই উপলব্ধ হয় যখন মুখ্য করোনার ইঙ্কোয়েস্টের আয়োজন করার সিদ্ধান্ত নেন।
মসজিদ হামলার শিকার ব্যক্তিরা কি এখন আইনি সহায়তার জন্য আবেদন করতে পারেন?	করোনিয়াল প্রক্রিয়ার **এই স্তরে** আইনি সহায়তা উপলব্ধ নয়। এর কারণ আইনি সহায়তার অর্থায়ন কেবল তখনই উপলব্ধ হবে যখন মুখ্য করোনার ইঙ্কোয়েস্টের আয়োজন করার সিদ্ধান্ত নেন। যদি মুখ্য করোনার ইঙ্কোয়েস্টের আয়োজন করার সিদ্ধান্ত নেন, পরিবার এবং অন্যান্য স্বার্থসম্পন্ন গোষ্ঠীদের আনুষ্ঠানিকভাবে জানানো হবে, যার পরে তারা চাইলে আইনি সহায়তার জন্য আবেদন করতে পারেন।
অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের প্রতি কাদের প্রবেশাধিকার আছে?	আপনি সরাসরি অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের সাথে যোগাযোগ করতে পারেন যদি আপনি শহীদের পরিবারের সদস্য হন।

প্রশ্ন	উত্তর
আমি যদি বন্দুকের গুলিতে আহত হয়ে থাকি অথবা হামলায় উপস্থিত থেকে থাকি, কিন্তু শহীদের পরিবারের সদস্য না হই, তাহলে কি আমি উকিলদের সাথে যোগাযোগ করতে পারব?	এই পর্যায়ে, উকিলদেরকে শহীদদের পরিবারদের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে। আমরা বুঝি যে অন্য আক্রান্তরাও উকিলদের মধ্যে একজনের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন। আপনি যদি শহীদ পরিবারের সদস্য না হন এবং এই সহায়তা পেতে চান, অনুগ্রহ করেcoronial.response@justice.govt.nz ঠিকানায় ইমেইল করুন অথবা (03) 471 5199 নম্বরে ফোন করুন।
কোন সংস্থা কি অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের পরিষেবার সুবিধা পেতে পারবে?	না, সংস্থাগুলি অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের অ্যাক্সেস পাবে না - তাদের নিজেদের উকিলের ব্যবস্থা করতে হবে এবং তাদের ব্যয়ভার বহন করতে হবে।
আমাকে কি তালিকা থেকেই একজন উকিলকে ব্যবহার করতে হবে?	না, আপনাকে অর্থসাহায্য-প্রাপ্ত তালিকা থেকে একজন উকিলকে ব্যবহার করতে হবে না। এই উকিলদেরকে ন্যায় মন্ত্রক থেকে সম্পূর্ণভাবে অর্থায়ন করা হয়েছে, যার অর্থ হলো তাদের আপনি বিনামূল্যে ব্যবহার করতে পারেন যদি আপনি সহায়তার যোগ্য হন। দয়া করে সচেতন থাকবেন যে যদি আপনি এমন একজন উকিলকে ব্যবহার করার সিদ্ধান্ত নেন যিনি তালিকায় নেই, তাহলে মন্ত্রক আপনার জন্য তার ব্যয়ভার বহন করতে পারবে না।

প্রশ্ন	উত্তর
আমাকে কি আদৌ একজন উকিলকে ব্যবহার করতে হবে?	একজন উকিলের সাহায্য নেবেন কিনা তা আপনার পছন্দ। যদি আপনি উকিল না নেওয়া মনস্থ করেন, আপনি তাহলে এই প্রক্রিয়ায় নিজে অংশ নিতে পারেন অথবা ইঙ্কোয়েস্টের রায় প্রদান করা হলে শুনানিতে নিজের প্রতিনিধিত্ব করতে পারেন।
একই পরিবারের ভিন্ন সদস্যরা কি ভিন্ন অর্থসাহায্য-প্রাপ্ত উকিলদের অ্যাক্সেস করতে পারবেন?	আমরা সুপারিশ করছি যে প্রত্যেক পরিবার থেকে একজন ব্যক্তি অর্থসাহায্য-প্রাপ্ত উকিলের জন্য মুখ্য যোগাযোগকারী হিসেবে থাকুন। আপনার ইতিমধ্যেই একজন পারিবারিক প্রতিনিধি থাকতে পারেন যিনি আপনার হয়ে এটি করতে পারবেন। আমরা বুঝতে পারছি যে এরকম পরিস্থিতি হতে পারে যেখানে একাধিক পারিবারিক প্রতিনিধি রয়েছেন এবং এরকম ক্ষেত্রে যেখানে তাদের স্বার্থ সমান নয়, তাদের পৃথক ব্যবস্থার প্রয়োজন হতে পারে। এইরকম পরিস্থিতিগুলিতে আমরা শহীদদের পরিবারগুলির চাহিদা মেটাতে সাহায্য করার জন্য তাদের সাথে কাজ করতে পারি। অনুগ্রহ করে মুখ্য করোনারের অফিসে coronial.response@justice.govt.nzঠিকানায় ইমেইল করে অথবা (03) 471 5199 নম্বরে ফোন করে যোগাযোগ করুন। আপনার পরিবারে যদি এইরকম পরিস্থিতি হয় তাহলে তা আপনার নির্বাচিত উকিলকে জানানোর জন্য আমরা বলি। আপনার পরিবার একাধিক উকিলের সহায়তা পাচ্ছে কিনা তা জানা তাদের জন্য সহায়ক হবে।
পরে যদি আমি চাই তবে কি আমি আমার উকিল পরিবর্তন করতে পারি?	হ্যাঁ। আমরা বলি যে আপনার পরিবর্তন করার সিদ্ধান্তটি আপনি আপনার উকিলকে জানান যাতে তারা নিজেদের পরিষেবা অন্য কোনও পরিবারকে প্রদান করতে পারেন যাদের তার প্রয়োজন থাকতে পারে।

প্রশ্ন	উত্তর
আমার উকিলকে কি আমি যে নগরে/শহরে থাকি, সেখানেই থাকতে হবে? যদি তারা না থাকেন তবে কী হবে?	না, আপনার উকিলকে আপনি যে নগরে/শহরে থাকেন সেখানে থাকতে হবে না। ন্যায় মন্ত্রক আপনার সাথে আপনার উকিলের ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করতে যাওয়ার ব্যয়ভার বহন করবে যদি তিনি একজন অর্থসাহায্য-প্রাপ্ত উকিল হন। বহু সময়ে আপনার উকিলের সাথে কথা বলার সময় আপনার কেবল টেলিফোন, ভিডিও কল অথবা ইমেইল ব্যবহার করার প্রয়োজন হতে পারে। যদি আপনার সাথে মুখোমুখি সাক্ষাৎ করার জন্য আপনার উকিলের যাত্রা করার দরকার হয়, আপনাকে সেই ব্যবস্থা করতে হবে না – আপনার উকিলই তার ব্যবস্থা করবেন।
আমার অর্থসাহায্য-প্রাপ্ত উকিলের সাথে যখন আমার সাক্ষাৎ হবে তখন যদি আমার একজন দোভাষীর প্রয়োজন হয়, আমাকে কি তার ব্যয়ভার বহন করতে হবে?	না। দয়া করে সাক্ষাতের আগে আপনার উকিলকে জানান যে আপনার ভাষাগত সহায়তা প্রয়োজন যাতে আপনার জন্য এই ব্যবস্থা করা যায়।
একজন অর্থসাহায্য-প্রাপ্ত উকিল কতজন শহীদের পরিবারকে সহায়তা দিতে পারবেন তার কি কোনও সীমা আছে?	না। কিন্তু, তাদের কাজের ভার এবং তাদের বর্তমান মক্কেল ও আপনার মামলাটির মধ্যে স্বার্থের সঙ্ঘাতের উপর নির্ভর করে উকিলরা নিজেরাই এই সিদ্ধান্ত নিতে পারেন।

প্রশ্ন	উত্তর
	একজন অর্থসাহায্য-প্রাপ্ত উকিল কত সময় আপনার জন্য উপলব্ধ রাখবেন সে বিষয়ে যদি আপনি চিন্তিত হন, তাহলে আপনার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি তাদের সাথে এই বিষয়ে কথা বলার জন্য যোগাযোগ করতে পারেন। আমরা সুপারিশ করি যে আপনি সব সময়ই যত দ্রুত সম্ভব আপনার উকিলের সাথে যোগাযোগ করুন। আপনি কথা বলতে চান এটি তাদেরকে জানালে তাদের পরিকল্পনা করতে সুবিধা হবে যাতে আপনাকে সহায়তা দেওয়ার জন্য যথেষ্ট সময় তাদের কাছে উপলব্ধ থাকে।
কতটা সময় আমি আমার অর্থসাহায্য-প্রাপ্ত উকিলের সাথে নির্বাহ করতে পারি তার কি কোনও সীমা আছে?	না। তবে, যদি আপনি মনে করেন যে আপনার উকিলের সাথে আপনার অনেকটা সময় প্রয়োজন, তাহলে আমরা সুপারিশ করি যে আপনি যত দ্রুত সম্ভব তার সাথে যোগাযোগ করুন। এটি তাদেরকে সেইভাবে পরিকল্পনা করতে সাহায্য করবে যাতে আপনাকে সহায়তা প্রদান করার জন্য তাদের হাতে পর্যাপ্ত সময় থাকে।
আমার অর্থসাহায্য-প্রাপ্ত উকিল কি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আমাকে সাহায্য করতে পারেন?	মুখ্য করোনার করোনিয়াল প্রক্রিয়ার পরবর্তী পদক্ষেপগুলি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার অর্থসাহায্য-প্রাপ্ত উকিল আপনার জন্য উপলব্ধ থাকবেন। এই সিদ্ধান্ত কখন নেওয়া হবে সে বিষয়ে কোন সময়সীমা নেই। যদি মুখ্য করোনার ইঙ্কোয়েস্টের আয়োজন করার সিদ্ধান্ত নেন, তাহলে করোনিয়াল প্রক্রিয়ায় ইঙ্কোয়েস্ট পর্যায় জুড়ে আইনি পরিষেবা কিভাবে পেতে হবে সে বিষয়ে আপনাকে তথ্য সরবরাহ করা হবে।

প্রশ্ন	উত্তর
অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা আমাকে কী ধরনের আইনি সহায়তা দিতে পারেন?	কি ধরনের আইনি সহায়তা অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা আপনাকে প্রদান করতে পারেন সে সম্পর্কে কোনও সীমাবদ্ধতা নেই যতক্ষণ সেটি করোনিয়াল প্রক্রিয়ার আওতার মধ্যে রয়েছে। অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা যা পারেন: • করোনিয়াল প্রক্রিয়ার বর্তমান পর্যায় সম্পর্কে, আপনাকে আইনি সহায়তা সহ, তথ্য সরবরাহ এবং পরামর্শ প্রদান করা • আপনার হয়ে মুখ্য করোনারকে লেখা অথবা তার সাথে কথা বলা • আপনার হয়ে করোনারের থেকে অথবা অন্যান্য সংস্থার কাছ থেকে মামলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্য যোগাড় করা • যদি প্রয়োজন হয় আপনার উকিল হিসেবে কাজ করা অথবা আপনার প্রতিনিধিত্ব করা • যে সকল সমস্যার বিষয়ে আপনার উদ্বেগ রয়েছে সেগুলি বিবেচনার জন্য মুখ্য করোনারকে জানানোর বিষয়টিকে নিশ্চিত করা (যদি এগুলি মুখ্য করোনারের এখতিয়ারের মধ্যে পড়ে)।
এমন কোনও বিষয় আছে কি যা নিয়ে অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা আমাকে সাহায্য করতে পারবেন না?	করোনিয়াল প্রক্রিয়ার সাথে প্রাসঙ্গিক নয় এমন কোনও বিষয়ে অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা আপনাকে সহায়তা প্রদান করতে পারবেন না। উদাহরণ স্বরূপ, তারা আপনাকে এই বিষয়গুলি নিয়ে পরামর্শ দিতে পারবেন না:

প্রশ্ন	উত্তর
	• অভিবাসন সংক্রান্ত সমস্যায় • অপরাধীর সাজা বিষয়ক কোনও সমস্যায়।
এই প্রক্রিয়া সম্বন্ধে আরও তথ্য পাওয়ার জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?	একজন উকিল সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার আগে অর্থসাহায্য-প্রাপ্ত উকিলরা কিভাবে কাজ করবেন সে সম্পর্কে যদি আপনি আরও তথ্য চান, অনুগ্রহ করে মুখ্য করোনারের অফিসে coronial.response@justice.govt.nz ঠিকানাতে ইমেইল করুন অথবা (03) 471 5199 নম্বরে ফোন করুন। যদি আপনি ইতিমধ্যেই অর্থসাহায্য-প্রাপ্ত একজন উকিলকে বেছে নিয়ে থাকেন এবং তার সাথে কাজ করার বিষয়ে আপনার কোনও প্রশ্ন থাকে, তাহলে আপনি উকিলের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন। তাদের সাথে যোগাযোগের বিবরণ আপনি আমাদের ওয়েবসাইটে পাবেন এখানে করোনিয়াল প্রক্রিয়া সমর্থনকারী মানুষরা।